

কবিতা তৈরির উদাহরণ

প্রজাপতির ডানা রং দিয়ে পঙ্ক্তিগুলি তবে ভিজিয়ে ফেলি!

প্রজাপতি মানেই তো যাযাবর নেশা, চলমান পেশা,  
ফুল থেকে বীজ নির্মাণের নিগূঢ় গতিপথ.....  
সুতরাং এসব তো হতেই পারে পদ্যের ইক্ষন।  
পর্ণমোচী বিটপের পরিযায়ী মননের মতো  
কবিতাও হতে পারে ভ্রমণপিপাসু

বান্ধবী চাইলে যেভাবে আকশে চাঁদ জ্বলে ওঠে  
যেভাবে পার্কে সন্ধ্যা নামে ... উষণ্তা আছড়ায় ... দহনের হলকা আসে  
কবিতাও সেরকম চাঁদ ওঠা থেকে চুম্বন অব্দি প্রত্ৰিয়াগুলি  
গুঁজে রাখতে পারে অক্ষরে অক্ষরে  
অন্তত আমার এ কবিতায় সেরকমই কিছু রইল।

আমার কাশফুল মনে পড়ে ধানক্ষেত মনে পড়ে  
শরতের ভেজা পথে হেঁটে যায় নতুন ইশারা

ভোরের শিশির ধরে পিছলে যায় দীর্ঘ রাত  
আমিও এগিয়ে চলি আলোর দিকে অনিবার্য

শিশির পাল

